দৈনিক খবর

10 MAY 1990
তারিখ ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

(৩৭)

৩৭

পাসের হার ২৫·১৬

# ঢাকা ভার্সিটি ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৯ সালের বিএ, বিএসসি ও বিকম পাস এবং সাবসিডিয়ারী পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে। প্রকাশিত ফলাফল অনুযায়ী তিন গ্রুপে পাস কোর্সে পাসের হার হচ্ছে শতকরা ২৫ দশমিক ১৬ ভাগ, আর সাবসিডিয়ারী পরীক্ষায় তিন গ্রুপে পাসের হার হচ্ছে

২-এর পাতায় দেখুন

# ঢাকা ভার্সিটি ডিগ্রী

প্রথম পৃষ্ঠার পর

শতকরা ৪১ দশমিক ৩০ ভাগ।

গত বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএ পাস পরীক্ষায় মোট ৪২ হাজার ২শ' ৬৪ জন অংশগ্রহণকারী পরীক্ষার্থীর মধ্যে মাত্র ৬ জন প্রথম বিভাগে, ৩ হাজার ৪শ' ৩৭ জন দ্বিতীয় বিভাগে এবং ৬ হাজার ৪শ' ৪২ জন উত্তীর্ণ হন। পাসের হার শতকরা ২৩ দশমিক ৩৯ ভাগ। বিএসসি পাস পরীক্ষায় অংশগ্রহণকারী ৭ হাজার ৪শ' ৫ জন পরীক্ষার্থীর মধ্যে মাত্র ২৮ জন প্রথম বিভাগে, ৯শ' ৮১ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ২৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হন। পাসের হার হচ্ছে শতকরা ২৭ দশমিক ৮ ভাগ। বিকম পাস পরীক্ষায় অংশগ্রহণকারী ৯ হাজার ৯শ' ৬৫ জন পরীক্ষার্থীর মধ্যে কেউ প্রথম বিভাগে উত্তীর্ণ হতে পারেননি। দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন ৫শ' ২১ জন এবং তৃতীয় বিভাগে ১ হাজার ৭শ' ৯৬ জন। পাসের হার শতকরা ২৫ দশমিক ৬ ভাগ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৯ সালের বিএ সাবসিডিয়ারী পরীক্ষায় অংশগ্রহণকারী ২ হাজার ৮শ' ১১ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৯শ' ৫৬ জন কৃতকার্য হয়েছেন। পাসের হার শতকরা ৬৯ দশমিক ৫৮ ভাগ, বিএসসি সাবসিডিয়ারী পরীক্ষায় অংশগ্রহণকারী ৩ হাজার ৯শ' ৬৫ জন পরীক্ষার্থীর মধ্যে কৃতকার্য হয়েছেন ১ হাজার ৪শ' ৯৭ জন। পাসের হার শতকরা ৩৭ দশমিক ৭ ভাগ। বিকম সাবসিডিয়ারী পরীক্ষায় অংশগ্রহণকারী ২ হাজার ৫শ' ১ জন পরীক্ষার্থীর মধ্যে ৪শ' ৩২ জন কৃতকার্য হয়েছেন। পাসের হার শতকরা ১৭ দশমিক ২৭ ভাগ।

একই সাথে গতকাল ১৯৮৮ সালে বিএ, বিকম ও বিএসসি সাপ্লিমেন্টারী পরীক্ষার ফলাফলও প্রকাশিত হয়েছে। এছাড়া ১৯৮৯ সালের বিএ সার্টিফিকেট কোর্স, গার্হস্থ্য অর্থনীতি পরীক্ষার ফলাফলও প্রকাশ হয়েছে।